



From : Dr. Bappaditya Mandal
Principal

SONAMUKHI COLLEGE

P.O. - Sonamukhi, Dist. - Bankura,
West Bengal, India - 722 207

NAAC : B(2.37) 2016 - 1st Cycle

www.sonamukhicollegebankura.com
sonamukhicol@gmail.com
(91)03244-275251

Ref. No. 202010021851/SC/2/Notice

Date: 2/10/2020

বিজ্ঞপ্তি

এতদ্বারা BKU 6th সেমিস্টারের সমস্ত পরীক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, গতকাল উত্তরপত্র uploading জনিত সাময়িক যে সমস্যার সম্মুখীন হতে হয়েছিল, সেই পরিপ্রেক্ষিতে, পরীক্ষা নিয়ামকের কাছে জানা গেল uploading এর ব্যবস্থা উন্নততর করা হয়েছে। এতে ছাত্র-ছাত্রীদের দ্বারা uploading ত্বরান্বিত হবে। BKU প্রদত্ত নিজস্ব User Id ও password ব্যবহার করে upload করতে হবে একটি মাত্র পিডিএফ ফাইল প্রতি পেপারে। সেই ফাইল Name নিজের user ID_activity number দিয়ে upload করতে হবে। আপলোড করার পরে, পাশে দেখা যাবে সফলতার প্রতীক। যদি, আপলোড সফল না হয় তাহলে pending শব্দটি পুনরায় দেখা যাবে। ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে বলা হচ্ছে, upload করবে নিজে। আশঙ্কার কোন কারণ নেই। সোনামুখী কলেজ তোমাদের পাশে আছে ও থাকবে। প্রথমে নিজে চেষ্টা করবে, আপলোডের জন্য সময় যথেষ্ট আছে। যান্ত্রিক গোলযোগ হলে একদম বিভ্রান্ত হবে না, বিশ্ববিদ্যালয় নিশ্চয়ই সময় দেবে গতকালের মত। করোনা পরিস্থিতিতে বাড়িতে থেকেই প্রশ্নপত্র ডাউনলোড করবে, পরীক্ষা দেবে ও পরীক্ষা পরবর্তী সময়ের মধ্যে আপলোড করবে। সময় ঠিক পাবে। কোন অসুবিধা হলে সোনামুখী কলেজের কাউন্টারে অবশ্যই আসতে পারবে। আপলোড না হওয়া পর্যন্ত সব সময় তৈরি সোনামুখী কলেজ কর্মীবৃন্দ। গতকাল, কলেজের কোন মেলে কেউ কেউ বারংবার আবেদন ইত্যাদি পাঠিয়েছে। তাতে তোমাদের সহযোগিতা করতে গিয়ে বা করার সময় সহকর্মীরা বিভ্রান্ত হয়েছে। তাই, নির্দেশ দেওয়া হচ্ছে, ইমেইল করে কোন লাভ নেই। **মূল লক্ষ্য হল ছাত্র-ছাত্রীদের BKU আইডিতে সফলতার সাথে আপলোড।** কোন ছাত্র-ছাত্রী বারংবার চেষ্টার পরেও যদি আপলোড না করতে পারে, **তবে অবশ্যই কলেজ কাউন্টার আসবে দিনের আলো থাকতে-থাকতে।** সমস্ত ধরনের সতর্কতা বজায় রেখে কলেজের কাউন্টারে আসতে হবে।

BKU Answer script Upload সংক্রান্ত, পরীক্ষার্থীর পাঠানো কোন ধরনের email গ্রাহ্য করা হবে না।


2/10/2020

অধ্যক্ষ